গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিপ্তর
শিক্ষা ভবন (২য় ব্লক), ঢাকা।
www.eedmoe.gov.bd

নং-৩৭.০৭.০০০০.০০৮.১৪.০৭২.২৩-১৬

তারিখ: ২২ মাঘ ১৪২৯
০৫ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: নির্ধারিত সময় ও মান নিশ্চিত করে চুক্তি বাস্তবায়নে ব্যর্থ ঠিকাদারের বিরুদ্ধে পিপিআর ২০০৮ এর বিধি ১২৭ অনুযায়ী বারিতকরণসহ চুক্তির আওতায় অন্যান্য ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: ১) সিপিটিইউ-এর পত্র নং- ২১.০০.০০০০.৩৬৩.২৭.১১৪ (২).১৯-০০৩, তারিখ: ১২/০১/২০২৩ খ্রি.
২) সিপিটিইউ-এর পত্র নং- ২১.০০.০০০০.৩৬৪.২২.০২০.১৯-২০২, তারিখ: ১০/১০/২০১৯ খ্রি.
৩) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং- ০৩.০৭৩.০৪৬.২১.০০.০০১.২০১৮-২৫৯, তারিখ: ০৩/১০/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের আলোকে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ৬৫টি ক্রয়কারীসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারী তহবিলের আওতায় সম্পাদিত ক্রয় চুক্তিতে নির্ধারিত সময়, মান, ব্যয় ও চুক্তিতে অন্তর্ভুক্ত অন্যান্য কার্যাদির যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকল্পে সরকার কর্তৃক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

"নির্ধারিত সময় ও মান নিশ্চিত করে চুক্তি বাস্তবায়নে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ঠিকাদার/সরবরাহকারীর বিরুদ্ধে পিপিআর ২০০৮ এর বিধি ১২৭ অনুযায়ী ক্রয়কারী কর্তৃক বারিতকরণসহ চুক্তির আওতায় অন্যান্য ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে।"

২। মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ হতে প্রাপ্ত অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, কোনরূপ যৌক্তিক কারণ ছাড়া কোন কোন ঠিকাদার বা সরবরাহকারী চুক্তির শর্তানুযায়ী যাবতীয় কাজ (নির্মাণ ও সরবরাহ) বাস্তবায়নে ব্যর্থ হচ্ছে বা বিলম্বে সম্পাদন করছে। ক্ষেত্র বিশেষে দীর্ঘদিন অতিবাহিত হওয়ার পরও কার্য্যাদেশের কাজটি শুরু করছেন না অথবা আংশিক কাজ সম্পাদন করে দীর্ঘদিন বন্ধ রেখেছেন। এটি ক্রয়কারীর সাথে ঠিকাদার বা সরবরাহকারীর সম্পাদিত চুক্তির মৌলিক শর্তের লঙ্ঘন। এ ধরনের কার্যকরণের ফলে সরকারি তহবিলের আওতায় ক্রয্য পন্য, কার্য বা সেবা যথাসময়ে সঠিক মূল্য এবং মান অনুযায়ী প্রাপ্তির ক্ষেত্রে বিঘ্ন সৃষ্টি হয় এবং নাগরিক সেবা ও দেশের উন্নয়ন ব্যহত হয়।

৩। চুক্তির শর্তানুযায়ী কাজ বাস্তবায়নে ব্যর্থতার বিষয়ে পিপিএ ২০০৬ এর ধারা ৬৪, পিপিআর ২০০৮ এর বিধি ১২৭ এবং আদর্শ দরপত্র দলিলের General Condition of Contract (GCC) অংশে বিশদ উল্লেখ রয়েছে। "নির্ধারিত সময় ও মান" নিশ্চিত করে চুক্তি সম্পাদনে ব্যর্থ ঠিকাদারের বিরুদ্ধে চুক্তির আওতায় ব্যবস্থা গ্রহণ কিংবা বারিতকরণ ইত্যাদি এককভাবে ক্রয়কারীর এখতিয়ারভূক্ত। চুক্তি বাতিল কিংবা বারিতকরণ ইত্যাদি চুক্তির শর্তাবলীর অংশ বিধায় উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদনের প্রয়োজন নাই। এছাড়াও এক বা একাধিক কাজ নিয়ে যে সকল ঠিকাদার কাজের মান কিংবা সময় ঠিক রাখতে ব্যর্থ হচ্ছেন এবং পিপিএ ২০০৬ এর ধারা ৬৪(৬) এবং পিপিআর ২০০৮ এর বিধি ১২৭(৪) (গ) অনুযায়ী মৌলিক শর্ত লঙ্ঘন করেছেন, বিধায় তাদের পুনরায় Notificaton of Award (NOA) দেয়ার সুযোগ নাই।

৪। এমতাবস্থায়, উপর্যুক্ত প্রেক্ষাপটে, সরকারি ক্রয় আইন ও বিধি (পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮) এবং চুক্তির GCC অংশে বর্ণিত নির্দেশনার আলোকে স্বাক্ষরিত চুক্তির শর্তানুযায়ী কাজ বাস্তবায়নে ব্যর্থ ঠিকাদার ও সরবরাহকারীর বিষয়ে অনুচ্ছেদ ০৩ এ উল্লেখিত বিধান অনুযায়ী আবশ্যিকভাবে ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্ত: বর্ণনামতে ০৩ পাতা।

০৫/০২/২৩

(মোঃ দেলোয়ার হোসেন মজুমদার)
প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব)

নির্বাহী প্রকৌশলী
শিক্ষা প্রকৌশল অধিপ্তর
. . . . . জেলা।

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/. . . . . সার্কেল
০৩। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (সকল ডেস্ক), প্রধান কার্যালয়
০৪। সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ... জেলা
০৫। উপসহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ... উপজেলা
০৬। অফিস কপি।

প্রধান প্রকৌশলীর কার্যালয়
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
পত্র গ্রহণ ও বিতরণ হেল্প ডেস্ক শাখা
ডাইরী নং ৭৭৫
তারিখ: ২২/১/২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
সিপিটিইউ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.cptu.gov.bd

"শেখ হাসিনার উপহার
ইলেকট্রনিক টেন্ডার"

নং-২১.০০.০০০০.৩৬৩.২৭.১১৪(২).১৯-০০৩

তারিখঃ ১২/০১/২০২৩ খ্রিঃ

পরিপত্র

বিষয়ঃ নির্ধারিত সময় ও মান নিশ্চিত করে চুক্তি বাস্তবায়নে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ঠিকাদার/সরবরাহকারীর বিরুদ্ধে পিপিআর ২০০৮ এর বিধি ১২৭ অনুযায়ী ক্রয়কারী কর্তৃক বারিতকরণসহ চুক্তির আওতায় অন্যান্য ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি তহবিলের আওতায় সম্পাদিত ক্রয় চুক্তিতে নির্ধারিত সময়, মান, ব্যয় ও চুক্তিতে অন্তর্ভুক্ত অন্যান্য শর্তাদির যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকল্পে সরকার কর্তৃক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

"নির্ধারিত সময় ও মান নিশ্চিত করে চুক্তি বাস্তবায়নে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ঠিকাদার/সরবরাহকারীর বিরুদ্ধে পিপিআর ২০০৮ এর বিধি ১২৭ অনুযায়ী ক্রয়কারী কর্তৃক বারিতকরণসহ চুক্তির আওতায় অন্যান্য ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে।"

০২। উল্লেখ্য, কোনরূপ যৌক্তিক কারণ ছাড়া কোন কোন সরবরাহকারী বা ঠিকাদার চুক্তির শর্তানুযায়ী যাবতীয় কাজ বাস্তবায়নে ব্যর্থ হচ্ছে বা বিলম্ব করছে মর্মে পরিলক্ষিত হচ্ছে। চুক্তির মৌলিক শর্ত, যথাঃ-সময়, মূল্য, গুনগত মান ও অন্যান্য প্রধান শর্ত অনুসরণপূর্বক কাজ বাস্তবায়নের বিষয়ে পণ্য, কার্য বা সেবা ক্রয়ের জন্য সম্পাদিত ক্রয় চুক্তিতে সংশ্লিষ্ট সরবরাহকারী/ঠিকাদার/পরামর্শকের বাধ্যবাধকতা থাকে। পরবর্তীতে চুক্তিতে উল্লিখিত শর্তাবলির ব্যত্যয় সংঘটিত হলে সরকারি তহবিলের আওতায় ক্রয্য পণ্য, কার্য বা সেবা যথাসময়ে সঠিক মূল্য এবং মান অনুযায়ী প্রাপ্তির ক্ষেত্রে বিঘ্ন সৃষ্টি হয়, ফলশ্রুতিতে নাগরিক সেবা এবং দেশের উন্নয়ন ব্যহত হয়।

০৩। আরো উল্লেখ্য, চুক্তির শর্তানুযায়ী কাজ বাস্তবায়নে ব্যর্থতার বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (পিপিএ ২০০৬) এর ধারা ৬৪, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর ২০০৮) এর বিধি ১২৭ এবং আদর্শ দরপত্র দলিলের General Conditions of Contract (GCC) অংশে বিশদ উল্লেখ রয়েছে। তন্মধ্যে উল্লেখযোগ্য হলোঃ সংশ্লিষ্ট সরবরাহকারী/ঠিকাদারের কার্য-সম্পাদন জামানত (Performance Security) তলব এবং উক্ত সরবরাহকারী/ঠিকাদারকে সরকারি ক্রয় কাজে অযোগ্য/বারিত ঘোষণা।

০৪। উপর্যুক্ত প্রেক্ষাপটে, সরকারি ক্রয় আইন ও বিধি (পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮) এবং চুক্তির GCC অংশে বর্ণিত নির্দেশনার আলোকে স্বাক্ষরিত চুক্তির শর্তানুযায়ী কাজ বাস্তবায়নে ব্যর্থ সরবরাহকারী/ঠিকাদারের বিষয়ে অনুচ্ছেদ-০৩ এ উল্লিখিত বিধান অনুযায়ী আবশ্যিকভাবে ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করার জন্য সকল ক্রয়কারীকে অনুরোধ করা হলো। উল্লিখিত বিধানসমূহ অনুরূপ ক্ষেত্রে পরামর্শকের বিষয়েও প্রযোজ্য হবে। উক্ত প্রক্রিয়ায় অযোগ্য/বারিত ব্যক্তি/প্রতিষ্ঠানের বিবরণ পিপিআর ২০০৮ এর বিধি ১২৭(৬) অনুযায়ী সিপিটিইউতে প্রেরণ নিশ্চিত করার জন্যও ক্রয়কারীগণের দৃষ্টি আকর্ষণ করা হলো।

প্রধান প্রকৌশলীর দপ্তর, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
নম্বর: ৭৭৪ তারিখ: ২২/০১/২৩
প্রধান প্রকৌশলী

১২.১.২০২৩
(মোঃ শোহেলের রহমান চৌধুরী)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ৪৮১১৯৪০০-০১

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। সচিব/প্রধান, মন্ত্রণালয়/বিভাগের আওতাভুক্ত সকল ক্রয়কারী সংস্থাকে অবহিতকরণের বিনীত অনুরোধসহ)।
৩। সচিব, ... মন্ত্রণালয়/বিভাগ।
৪। চেয়ারম্যান, ... শের-ই-বাংলা নগর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
সিপিটিইউ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
Tel: 9144252-3, Fax : 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

ডায়রী নং-
পরিচালক/অতিঃ প্রধান প্রকৌশলী
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
উপ-পরিচালক/প্রশাঃ অর্থ
উপস্থাপন করুন / ব্যবস্থা নিন
আলাপ করুন / জরুরী।
প্রধান প্রকৌশলী

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০২০.১৯-২০২

তারিখঃ ১০/১০/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ ই-জিপি'র মাধ্যমে একাধিক কাজের জন্য কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের কাজের মান প্রসংগে।

সূত্রঃ-(১) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং-০৩.০৭৩.০৪৬.২১.০০.০০১.২০১৮-২৪১; তারিখঃ ১২/০৮/২০১৯ খ্রিঃ
(২) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং-০৩.০৭৩.০৪৬.২১.০০.০০১.২০১৮-২৪১; তারিখঃ ০২/০৮/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে "একাধিক কাজ নিয়ে যাঁরা কাজের মান ও সময় ঠিক রাখতে পারেন না তাঁরা প্রাপ্ত কাজ সম্পন্ন না করা পর্যন্ত আর কোন কাজ পাবেন না" এবং "কাজের গুনগত মান ও নির্ধারিত সময়ে কাজ শেষ করেছে কি না সে বিষয়েও প্রকল্প পরিচালকদের সক্রিয় হওয়া" বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা সংযুক্ত করা হল।

০২। উল্লেখ্য, ক্রয়কার্য বাস্তবায়নে কাজের মান ও সময় চুক্তির শর্ত অনুযায়ী ঠিক রাখতে ব্যর্থ হলে সেটি পিপিএ ২০০৬ এর ধারা ৬৪ (৬) এবং পিপিআর ২০০৮ এর বিধি ১২৭ (৪) (গ) অনুযায়ী চুক্তির মৌলিক শর্ত লংঘন করা বোঝায়। এ ধরণের ঠিকাদারদের বিষয়ে বিধি ১২৭ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের নির্দেশ রয়েছে। ফলে এক বা একাধিক কাজ নিয়ে যে সকল ঠিকাদার কাজের মান ও সময় ঠিক রাখতে ব্যর্থ হবেন পিপিআর ২০০৮ অনুযায়ী তাঁদের পুনরায় কাজ দেয়ার সুযোগ নেই।

০৩। আরো উল্লেখ্য, ক্রয়চুক্তি বাস্তবায়নে চুক্তির সাধারণ শর্তাবলীতে প্রকল্প পরিচালক বা ব্যবস্থাপকদের সুনির্দিষ্ট দায়িত্ব ও কর্তব্য নির্ধারিত আছে। কাজের গুনগত মান ও নির্ধারিত সময়ে কাজ শেষ হয়েছে কি না এটিও চুক্তির সাধারণ শর্তাবলীর অংশ। সেটিও যথাযথভাবে অনুসরণ করার জন্য সকল প্রকল্প পরিচালক/ ব্যবস্থাপকদের দৃষ্টি আকর্ষণ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১০/১০/১৯

(মোঃ আলী নূর)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ৯১৪৪২৫২-৩

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫।
৩. মুখ্য সমন্বয়ক, এসডিজি বিষয়ক, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫।
৪. সিনিয়র সচিব/সচিব,.....মন্ত্রণালয়/ বিভাগ.....।
৫. সদস্য, ... পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৬. চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/মহাপরিচালক/সংস্থা প্রধান (সকল টার্গেট এজেন্সী) .....।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।

তাগিদপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন
ঢাকা

পত্র সংখ্যা ০৩.০৭৩.০৪৬.২১.০০.০০১.২০১৮- ২৫৯

তারিখ ১৮ অগ্রায়ন ১৪২৬ বঃ
০৩ অক্টোবর ২০১৯ খ্রিঃ

বিষয়: 'E-GP'র মাধ্যমে একাধিক কাজের জন্য কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের কাজের মান প্রসংগে।

সূত্র-১: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের স্মারক নং-২১.০০.০০০০.০৫৪.৩১.০৩৭.১৬-৩২৪, তারিখ: ০২.০৮.২০১৮
সূত্র-২: অত্র কার্যালয়ের পত্র সংখ্যা নং-০৩.০৭৩.০৪৬.২১.০০.০০১.২০১৮-২৪১, তারিখ: ১২ আগস্ট ২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্র-১ এ প্রাপ্ত প্রতিবেদন মাননীয় প্রধানমন্ত্রী'র নিকট উপস্থাপন করা হলে একাধিক কাজ নিয়ে যাঁরা কাজের মান ও সময় ঠিক রাখতে পারেনা তাঁরা প্রাপ্ত কাজ সম্পন্ন না হওয়া পর্যন্ত আর কোন কাজ পাবে না মর্মে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সদয় নির্দেশনা পাওয়া যায়।

০২। এছাড়াও, কাজের গুণগত মান দেখাসহ নির্ধারিত সময়ে কাজ শেষ করেছে কিনা সে বিষয়েও প্রকল্প পরিচালকদের সক্রিয় হওয়ার জন্য মাননীয় প্রধানমন্ত্রী সদয় নির্দেশনা প্রদান করেছেন।

০৩। তৎপ্রেক্ষিতে, সূত্রোক্ত-২ নং পত্রে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছিল। অদ্যাবধি বর্ণিত বিষয়ে অত্র কার্যালয় অবগত নয়।

০৪। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা অনুযায়ী গৃহীত পদক্ষেপসমূহ এ কার্যালয়কে অবহিত করার জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জরুরী
নিষ্পত্তি করুন
আলোচনা করুন
নথিভুক্ত করুন
পরিচালক (সংস্থা ও প্রশিক্ষণ)
পরিচালক (ই-জিপি)
উপপরিচালক (বিধি) ও বাজেট (সার্ব)
সহকারী পরিচালক (পরিকল্পনা)
সহকারী পরিচালক (পরিবীক্ষণ)
নেটওয়ার্ক সিস্টেম এনালিস্ট
সিস্টেম এনালিস্ট
অন্যান্য
সচিব
উপপরিচালক

RECEIVED
06 OCT 2019
Central Procurement Technical Unit, IMED

(শামীম আহম্মেদ)
পরিচালক-৬
ফোন: ৫৫০২৯৪২৬ ফ্যাক্স: ৫৫০২৯৫৬৩
ই-মেইল: dir6@pmo.gov.bd

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপি:

০১। মহাপরিচালক, সিপিটিইউ, আইএমইডি বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
০২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব /সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০৩। মহাপরিচালক-২ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

E:\Backup File_Dir06 All Letter\Letter IMED.doc